দৈনিক বাংলা

তারিখ 06 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ১

118

# স্কুল শিক্ষকদের ধর্মঘট স্থগিত

সাত লাখ এসএসসি পরীক্ষার্থীর কম্পিউটার পদ্ধতিতে পরীক্ষার কথা চিন্তা করে স্কুল শিক্ষকদের ধর্মঘট আপাতত স্থগিত করা হয়েছে।

শিক্ষকদের জাতীয় সংগ্রাম পরিষদ, কার্যনির্বাহী-সংসদ ও বাংলাদেশ শিক্ষক সমিতি ঢাকা মহানগরী কর্মকর্তাদের যৌথ সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। বেসরকারী মাধ্যমিক স্কুল শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণের দাবিতে অবিরাম ধর্মঘট শুরু হয়েছিল গত ১৬ এপ্রিল।

বাংলাদেশ শিক্ষক সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় : নিয়ম অনুযায়ী প্রাথ- (৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## স্কুল শিক্ষকদের

(প্রথম পৃষ্ঠার পর)

মিক শিক্ষকদের পরেই মাধ্যমিক স্কুলের শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণের কথা চিন্তা না করে সরকার সকল বেসরকারী শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণের জন্য দু'হাজার কোটি টাকার দরকার হবে বলে বিভ্রান্তি সৃষ্টি করছে। সরকার চাকরি জাতীয়করণ করলে বাজেটে বরাদ্দকৃত ২৮৪ কোটি টাকা এবং ছাত্রবেতন ও অন্যান্য উৎসের আয় ১৫০ কোটি টাকাতেই চলবে। অতিরিক্ত কোন টাকার প্রয়োজন হবে না।